গভর্নর কুউমো একটি ঝড়ের কারণে আজ রাতে নিউ ইয়র্ক জুড়ে অতিরিক্ত বরফের ব্যাপারে রাজ্য-সংস্থাগুলোকে প্রস্তুত হওয়ার নির্দেশ দিয়েছেন

মধ্য নিউ ইয়র্ক এবং মোহক উপত্যকা এলাকায় চার ইঞ্চি পর্যন্ত বরফ পরতে পারে

উষ্ণ তাপমাত্রা এবং বৃষ্টির ফলে আগামী সপ্তাহের শুরুতে স্থানীয় বন্যা হতে পারে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ নিউ ইয়র্কের বাসিন্দাদের ভ্রমণের সময় অতিরিক্ত সতর্ক থাকতে আহ্বান জানিয়েছেন যেহেতু আজ রাতে সারা রাজ্য জুড়ে ঝড় হবে, সাথে নিউ ইয়র্কে বেশ কয়েক ইঞ্চি তুষারপাত ও ঘটাবে। I-90 এবং উত্তর নিউ ইয়র্ক বরাবর অধিকাংশ এলাকা এক থেকে তিন ইঞ্চি বরফের নিচে থাকবে বলে ধারণা করা হচ্ছে, যেখানে মধ্য নিউ ইয়র্কের এলাকা এবং মোহক উপত্যকায় এরচেয়ে বেশি দেখা যেতে পারে।

"রাস্তাঘাট পিচ্ছিল করা ও গাড়ি চালানো কে দুঃসাধ্য করার মত তুষারপাত ঘটানোর ক্ষমতা এই ঝড়ের আছে," **গভর্নর কুওমো বলেন।** "আমি নিউ ইয়র্ক বাসীদের অনুরোধ করছি যারা এই সন্ধ্যায় ভ্রমণ করছেন তারা রাস্তায় গতি কমিয়ে এবং সতর্কতার সাথে চলবেন।"

একটি শুষ্ক সপ্তাহান্তে, বর্তমানে রাজ্যের আবহাওয়া পূর্বাভাসে উষ্ণতর তাপমাত্রা এবং বৃষ্টি রয়েছে, যা জমে থাকা তুষারের ফলে স্থানীয় বন্যার সৃষ্টি করতে পারে। নিউ ইয়র্কের অধিবাসীদের এখন উচিৎ সাবধানে গাড়ি চালানো, আবহাওয়ার পূর্বাভাসের আপডেটের দিকে নজর রাখা, এবং স্থানীয় সতর্কতা নির্দেশগুলো মেনে চলা।

ইস্টার্ন রেনসিলার কাউন্টির পাহাড় অঞ্চল থেকে, মোহক উপত্যকা ও মধ্য নিউইয়র্ক অঞ্চলে থেকে চার ইঞ্চি পর্যন্ত স্থানীয় পরিমাণ তুষারপাত হতে পারে। আজ রাতে এই ঝড়ের সাথে, প্রাথমিকভাবে I-90 এবং উত্তরাঞ্চলের দিকে একটি বিচ্ছিন্ন এক ইঞ্চি তুষারপাতের সম্ভাবনা আছে, সাথে মধ্য নিউ ইয়র্কের মধ্যে দুই থেকে চার ইঞ্চি অংশে তুষারপাত হতে পারে। লেক এফেক্ট অঞ্চলে দীর্ঘস্থায়ী তুষারপাত শনিবার সকালের মধ্যে শেষ হবে।

আক্রান্ত এলাকায় পিচ্ছিল রাস্তার অবস্থা নিয়ে নিউ ইয়র্কবাসীদের সতর্কবার্তা দিয়ে ন্যাশনাল ওয়েদার সার্ভিস বিশেষ আবহাওয়া বিবৃতি জারি করেছে। আরও তথ্যের জন্য, ন্যাশনাল ওয়েদার সার্ভিসের ওয়েবসাইটে যান।

এজেন্সির প্রস্তুতি

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন
3,578 জন সুপারভাইজর এবং অপারেটর সহ সড়ক বিভাগ পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত। আঞ্চলিক কর্মীরা বর্তমানে তুষার ও বরফ প্রস্তুতি ব্যাপারে নিয়োজিত রয়েছেন। প্রদেশজুড়ে উপকরণের হিসাব নিম্নরূপ:

- 1592টি বড় প্লাউ ট্রাক
- 182টি মাঝারি ডিউটি প্লাউ
- 52টি টো প্লাউ
- 332টি বড় লোডার
- 35টি স্নোব্লোয়ার

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির 682 জন সুপারভাইজার ও অপারেটর আছে যারা সমগ্র স্টেট জুড়ে 230 টি বড় স্নো প্লাউ, 106টি মাঝারি স্নো প্লাউ, 11টি টো প্লাউ এবং 63টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 109,000 টনেরও বেশি রোড সল্ট প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হবে। এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটর চালকদের উৎসাহিত করে ডাউনলোড করতে তাঁদের মোবাইল অ্যাপ যা আইফোন ও এন্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা সাইন আপ করতে পারেন ট্রান্সঅ্যালার্ট ই-মেইলের জন্য যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করবে এখানে।

প্রদেশ পুলিশ বিভাগ (Division of State Police)
নিউ ইয়র্ক স্টেট পুলিশ ট্রুডোকে প্রভাবিত এলাকার অবস্থার উপর নজর রাখার নির্দেশ দিয়েছে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি কাজ করছে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি গাড়িগুলো প্রস্তুত আছে ও মাঠে জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। স্নোমোবাইল ও ইউটিলিটি যানসহ, বিদ্যমান সকল সংস্থান, যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। পার্কের দর্শনার্থীদের দেখা উচিৎ parks.ny.gov অথবা পার্কের সময়সূচী, খোলা ও বন্ধের সময়ের সর্বশেষ তথ্য জানতে কল করা উচিৎ।

নিরাপত্তা পরামর্শ

শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন যেহেতু ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সকল সড়কের মোটরচালকদের জন্য এটি জানা গুরুত্বপূর্ণ যে স্নো প্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, সুনিশ্চিত করতে যে ছড়িয়ে লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাউ চালকদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলো অন্তর্ভুক্ত করা হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানোটা গুরুত্বপূর্ণ।
- আপনার ভ্রমণ আবশ্যিক হলে নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার

তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় সরঞ্জামাদি রয়েছে।

- পেট্রল ফ্রিজ-আপ আটকাতে আপনার গ্যাসের ট্যাঙ্ক ভর্তি রাখুন।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগের যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।
- নিশ্চিত করুন যে আপনার যাতায়াতের পরিকল্পনা অন্য কেউ জানে।
- গাড়ি চালানোর সময় যানবাহনকে বরফ এবং তুষার মুক্ত রাখুন।
- কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।
- সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।
- এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে তুষার-অপসারণ-যন্ত্র ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

বন্যাকালীন নিরাপত্তা পরামর্শ

- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- পরিবারসহ নিরাপদ স্থানে সরে যাবার একটি পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে দেখা করার একটি নির্দিষ্ট স্থান সনাক্ত করে রাখুন।
- সকল দামী জিনিস যেমন আসবাব, কাপড়চোপড় এবং অন্যান্য ব্যক্তিগত জিনিসের একটি তালিকা তৈরী করা- তালিকা টি নিরাপদ স্থানে রাখা।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন।
- পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনি আপনার পোষা প্রাণী কে নিয়ে কি করবেন তার পরিকল্পনা পর্যালোচনা করুন।

- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না।
- আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- স্যান্ডব্যাগ, পাতলা পাতলা কাঠ, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-প্রমাণীকরণের জন্য সাথে রাখুন।

শীতকালীন আবহাওয়ায় নিরাপত্তা সংক্রান্ত আরো তথ্যের জন্য, অনুগ্রহপূর্বক হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরী পরিষেবা বিভাগের ওয়েবসাইট পরিদর্শন করুন http://www.dhses.ny.gov/oem/safety-info।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন